৫৭

দৈনিক সংবাদ

তারিখ 18 FEB 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

# বইমেলা উদ্বোধন নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ মঙ্গলবার সকালে বাংলা একাডেমিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বইমেলা উদ্বোধনের সময় জাতীয়তাবাদী ছাত্রদল কালো পতাকা দেখানোর কর্মসূচি গ্রহণ করেছে। ছাত্রদল কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করবে। এ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উত্তেজনা দেখা দিয়েছে।

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানানঃ গতকাল সোমবার ক্যাম্পাসে ছাত্রলীগ (শা-পা) ও জাতীয়তাবাদী ছাত্রদল পরস্পরবিরোধী মিছিল ও সমাবেশ করেছে। ছাত্রলীগ নেতৃবৃন্দ সমাবেশ থেকে প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানিয়েছেন। ছাত্রদল নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর আগমনকে প্রত্যাখ্যান করেছে।

বাংলাদেশ ছাত্রলীগ গতকাল দুপুরে মিছিলসহ ক্যাম্পাস প্রদক্ষিণশেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক

উত্তেজনা ঃ পৃঃ ১১ কঃ ১

## উত্তেজনা ঃ উত্তেজনা

(১ম পৃষ্ঠার পর)

ইসহাক আলী খান পান্না, বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি বাহাদুর বেপারী ও আবদুল মতিন।

ছাত্রলীগ নেতৃবৃন্দ বাংলা একাডেমির বইমেলাকে সফল করে অমর একুশের চেতনাকে উজ্জ্বল করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল দুপুরে মিছিলসহ ক্যাম্পাস প্রদক্ষিণশেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন হাবিব-উন-নবী সোহেল, আবদুল খালেক, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দিন লাল্টু ও সেলিমুজ্জামান সেলিম।

ছাত্রদল সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল বলেন, একজন ফ্যাসিস্ট শাসকের উত্তরাধিকার শেখ হাসিনার সরকার ক্ষমতাসীন হয়েই দেশব্যাপী দেড় শতাধিক বিরোধীদলীয় নেতাকর্মী হত্যার নেতৃত্ব দিয়েছে! ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানে কায়েম করেছে পৈশাচিক বর্বরতা।

হাবিব-উন-নবী সোহেল আরো বলেন, সমস্ত অপকর্মের হোতা খুনি শেখ হাসিনার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগমন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রছাত্রীসহ ছাত্রসমাজ ও বিশ্ববিদ্যালয় পরিবার কোনভাবেই মেনে নিতে পারে না। জাতীয়তাবাদী ছাত্রদল কোনভাবেই নব্য স্বৈরাচার, খুনি ও জুলুমবাজ এই প্রধানমন্ত্রীর ক্যাম্পাসে আগমন বরদাশত করবে না।

এ সময় নেতৃবৃন্দ শেখ হাসিনার বাংলা একাডেমিতে আগমনের প্রতিবাদে ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সমাবেশ ও কালো পতাকা প্রদর্শনের কর্মসূচি ঘোষণা করেন।

এছাড়া ছাত্র সমাজের ১০ দফার ভিত্তিতে গণমুখী সার্বজনীন শিক্ষানীতি প্রণয়নের দাবিতে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য আজ প্রধানমন্ত্রীর আগমনকালে বাংলা একাডেমিতে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে।

**ব্যবসা ঃ** এদিকে বাংলা একাডেমির প্রাঙ্গণের বাইরের সড়কে মেলা এলাকার মধ্যে কিছু ফাঁকা জায়গায় ছাত্রলীগ কর্মীরা স্টল নির্মাণ করে তা দোকানিদের কাছে ভাড়া দিচ্ছে। গতকাল বিকেলে এলাকাঘুরে তিনটি স্থানে এই দৃশ্য চোখে পড়ে। আণবিক শক্তি কমিশন, পুষ্টি প্রতিষ্ঠান এবং তিন নেতার মাজার সংলগ্ন এলাকায় ছাত্রলীগ কর্মীরা প্রায় ২০টি স্টল নির্মাণ করেছে।

গতকাল বাংলা একাডেমি আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ ব্যাপারে প্রশ্ন করা হলে একজন কর্মকর্তা জানান, আমরা আণবিক শক্তি কমিশন, পুষ্টি প্রতিষ্ঠান ও তিন নেতার মাজার এলাকায় কোন স্টল নির্মাণ করিনি। কেউ সেখানে স্টল নির্মাণ করেছে এমন কোন খবর অফিসিয়ালি আমাদের জানা নেই। উল্লেখিত প্রতিষ্ঠানগুলো এ ব্যাপারে অভিযোগ করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

— OF — SHEETS